সমকাল

তারিখ 0 9 FEB 2015
পৃষ্ঠা ১৭ কলাম 2

# রাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলা মামলার চার্জশিট

■ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি,

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) বর্ধিত ফি প্রত্যাহার ও সান্ধ্যকোর্স বিরোধী আন্দোলনে সংঘর্ষের ঘটনায় পুলিশের দায়ের করা বিস্ফোরক মামলার অভিযোগপত্র দেওয়া হয়েছে। গত ১ ফেব্রুয়ারি নগর গোয়েন্দা পুলিশের উপপরিদর্শক আবদুল করিম অভিযোগপত্রটি দাখিল করেন। যা গতকাল রোববার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থাপন করা হয়। অভিযোগপত্রের ওপর কোনো শুনানি হয়নি বলে জানিয়েছেন আদালত পরিদর্শক আবুল হাশেম।

পুলিশ সূত্র জানায়, গত বছরের ২ ফেব্রুয়ারি সান্ধ্যকোর্স বিরোধী আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগ কর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটে। এতে পুলিশ সদস্যরা আহত হন। এ ঘটনায় মতিহার থানার তৎকালীন উপপরিদর্শক মাসুদ রানা বাদী হয়ে বাসদের জেলা সমন্বয়ক দেবাশীষ রায়সহ প্রগতিশীল ছাত্র সংগঠনের ১২ নেতাকর্মীর নাম উল্লেখ করে অজ্ঞাতপরিচয় ১০০-১৫০ জনের নামে মামলা করেন। মামলাটি পরে তদন্তের জন্য নগর গোয়েন্দা শাখায় স্থানান্তর করা হয়।

উপপরিদর্শক আবদুল করিম জানান, সংশ্লিষ্টতা পাওয়ায় এজাহারে উল্লেখ করা ১২ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেওয়া হয়েছে। পরিচয় না পাওয়ায় অন্যরা অব্যাহতি পেয়েছে। এদিকে গত বছর ২ ফেব্রুয়ারি রাবিতে সহিংসতার ঘটনায় রাবি ছাত্রলীগের সহসভাপতি তন্ময়ানন্দ অভির দায়ের করা আরও একটি মামলায় গত ২৪ জানুয়ারি অভিযোগপত্র দিয়েছে গোয়েন্দা পুলিশ।